

মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নম্বরঃ ৫৪৩৮

পর্ব-২৭: ফিতনাহ (كتاب الفتن)

পরিচ্ছেদঃ প্রথম অনুচ্ছেদ - কিয়ামতের আলামত

الفصل الاول (باب أشرط الساعة)

আরবী

وَعَنْ جَابِرِ بْنِ سَمُرَةَ قَالَ: سَمِعْتُ رَسُولَ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: «إِنَّ بَيْنَ يَدَيِ السَّاعَةِ كَذَّابِينَ فَأَحْذَرُوهُمْ». رَوَاهُ مُسْلِمٌ

رواه مسلم (10 / 1822), (4711) -
(صحيح)

বাংলা

৫৪৩৮-[২] জাবির ইবনু সামুরাহ্ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমি নবী (সা.) -কে বলতে শুনেছি, কিয়ামতের আগে বহু মিথ্যাবাদীর আগমন ঘটবে। অতএব তোমরা তাদের হতে সতর্ক থাক। (মুসলিম)

ফুটনোট

সহীহ মুসলিম ১০-(১৮২২), সহীহুল জামি' ২০৫০, সিলসিলাতুস সহীহাহ ১৬৮৩, মুসান্নাফ ইবনু আবী শায়বাহ্ ৩৭৫৩৩, মুসনাদে বাযার ২৮৮৮, মুসনাদে আহমাদ ২০৯২২, আবু ইয়া'লা ৭৪৪২, সহীহ ইবনু হিব্বান ৬৬৫০, আল মু'জামুল কাবীর লিত্ব তবারানী ১৮৬৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: আল মুজাহির (রহিমাহুল্লাহ) বলেন, উল্লেখিত হাদীস দ্বারা উদ্দেশ্য হলো অজ্ঞতা বেড়ে যাওয়া, জ্ঞান কমে যাওয়া এবং হাদীস জালকারীদের আগমন ঘটবে, আর সেগুলোকে রাসূলের নামে চালিয়ে দেয়া। এছাড়া এটাও উদ্দেশ্য হতে পারে যে, মিথ্যা নবী দাবিদারের আত্মপ্রকাশ ঘটবে যেমন নবী (সা.) -এর মৃত্যু পরবর্তী সময়ে হয়েছিল। (মিশকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ জাবির ইবনু সামুরাহ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=85416>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন